

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৮১. চাশত বা ইশরাকের সালাতের হুকুম কি?

সুন্নাত। ইমাম নববী ও শেখ ইবনে বাযের মতে সুন্নাতে মুয়াক্কাদাহ। আবু হোরায়রা (রা) বলেন, "আমার বন্ধু রাসূলুল্লাহ (স.) ৩টি বিষয়ে আমল করতে আমাকে উপদেশ দিয়েছেন। সেগুলো হলো, (১) প্রত্যেক (চন্দ্র মাসে) ৩ দিন সিয়াম পালন করা, (২) দুপুর হওয়ার পূর্বে দু'রাকাআত সালাতুদ দুহা' আদায় করা এবং (৩) নিদ্রা যাওয়ার পূর্বে বিতরের সালাত আদায় করা।" (বুখারী: ১৯৮১, মুসলিম: ৭২১)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12967

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন